

ইনস্টিটিউট অব বাংলাদেশ স্টাডিজ
রাজশাহী বিশ্ববিদ্যালয়

পোস্ট ডক্টরাল ফেলোশিপ বিজ্ঞপ্তি ২০২২

ইনস্টিটিউট অব বাংলাদেশ স্টাডিজ, রাজশাহী বিশ্ববিদ্যালয়ে পোস্ট ডক্টরাল গবেষক পদে নির্বাচনের জন্য দেশি/বিদেশি প্রার্থীদের কাছ থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

যোগ্যতা

- ক) পিএইচডি ডিগ্রিপ্রাপ্ত যে কোনো ব্যক্তি আবেদন করতে পারবেন।
- খ) আবেদনকারীর গবেষণা-প্রস্তাব অবশ্যই বাংলাদেশ সংক্রান্ত হতে হবে।
- গ) আবেদনকারীর আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন জার্নাল বা প্রতিষ্ঠান থেকে কমপক্ষে তিনটি গবেষণা-প্রবন্ধ অথবা একটি প্রকাশিত গবেষণা গ্রন্থ থাকতে হবে।
- ঘ) আবেদনকারী যদি কোনো প্রতিষ্ঠানে চাকরিরত হন, তাহলে ফেলোশিপ প্রাপ্তির সময়কালীন উক্ত প্রতিষ্ঠান থেকে তাঁর ছুটি অথবা প্রেষণ বাধ্যতামূলক হবে।

মেয়াদ

- ক) পোস্ট ডক্টরাল গবেষণার মেয়াদ হবে সাধারণত ৬ থেকে ১২ মাস।
- খ) গবেষণাকর্মের অথবা ইনস্টিটিউটের স্বার্থে প্রয়োজন অনুভূত হলে এই মেয়াদ একবারে ৬ মাস করে সর্বোচ্চ ১২ মাস পর্যন্ত বৃদ্ধি করা যাবে। অর্থাৎ ফেলোশিপ কোনো অবস্থাতেই সর্বমোট ২৪ মাসের বেশি স্থায়ী হবে না।

আবেদনপত্র www.ru.ac.bd/ibs/ থেকে ডাউনলোড করা যাবে। পূরণকৃত আবেদনের সাথে টা. ৩০০০/- (তিন হাজার) রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অগ্রণী ব্যাংকের অনুকূলে “পরিচালক (পরীক্ষা তহবিল), আইবিএস”, নামে বিদ্যমান সঞ্চয়ী হিসাব নম্বর ২০০০০২২২৮০৯০ নম্বরে অনলাইন ব্যাংকিং-এর মাধ্যমে জমা দিয়ে জমা রশিদসহ সকল প্রকার একাডেমিক সার্টিফিকেট ও গবেষণা প্রস্তাবনা জমা প্রদান করতে হবে। আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ১৬ মার্চ ২০২২। চাকুরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। ভর্তির প্রাথমিক আবেদনপত্রে সরবরাহ তথ্যাদি ভুল প্রমাণিত হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

ড. মোহাম্মদ নাজিমুল হক
প্রফেসর ও পরিচালক